

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design এর কাজ সম্পন্ন হয়েছে। Detailed Design এর কাজ চলছে। জুন ২০২৩ মাস পর্যন্ত ডিটেইল ডিজাইন এর অগ্রগতি ৯০.০০%। হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ঠিকাদার প্রতিষ্ঠানের সঙ্গে গত ২৩ মে ২০২৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্যাকেজ CP-02, CP-03, CP-07, CP-08 এবং CP-09 এর দরপত্র দলিল প্রস্তুতকরণের সার্বিক অগ্রগতি ৯০%। CP-02, CP-03, CP-04, CP-05 এবং CP-06 এর Prequalification এর দরপত্র বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। CP-03, CP-05 ও CP-06 এর দাখিলকৃত প্রস্তাবসমূহের মূল্যায়ন সম্পন্ন হয়েছে। CP-04 এর দাখিলকৃত প্রস্তাবসমূহ গত ৩০ এপ্রিল ২০২৩ তারিখ উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে মূল্যায়ন কার্যক্রম চলমান রয়েছে। CP-07 ও CP-09 এর Draft Prequalification Document JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। CP-08 এর Draft Prequalification Document JICA'র সম্মতির নিমিত্ত প্রেরণ প্রক্রিয়াধীন আছে। হেমায়েতপুর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য ৯৯.২৫ একর ভূমির অধিগ্রহণ সম্পন্ন করে দখল গত ০৩ অক্টোবর ২০২২ তারিখ গ্রহণ করা হয়েছে এবং গত ২০ অক্টোবর ২০২২ তারিখ ৯৯.২৫ একর ভূমির গেজেট প্রকাশিত হয়েছে। অধিগ্রহণকৃত ভূমির নামজারী সম্পন্ন হয়েছে। ৩০ জুন ২০২৩ পর্যন্ত ভূমি অধিগ্রহণ (হেমায়েতপুর ডিপো) এর সার্বিক অগ্রগতি ১০০%।